

U.G. 6th Semester Examination - 2021

BENGALI

Course Code: BBNGCCHT602

Course Title: সীমান্ত বাংলার লোকসাহিত্য

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 1 = 10$
- ক) বুমুরের সংজ্ঞা লেখো।
- খ) ‘জ্যৈষ্ঠ মাসে আম মিষ্ট, তেমনি কবি রামকিষ্ট’— ‘রামকিষ্ট’র প্রকৃত নাম লেখো।
- গ) পশ্চিমবঙ্গ সরকারের ‘লালন পুরস্কার’ প্রাপ্ত একজন বুমুর শিল্পীর নাম লেখো।
- ঘ) ভাদুপারব কোন্ মাসে অনুষ্ঠিত হয়?
- ঙ) ভাদু গানের দু’টি বৈশিষ্ট্য লেখো।
- চ) ‘ভাদু এক ধরনের ব্রত উৎসব’ একথাটি কে বলেছেন?
- ছ) কোন্ দিন টুসু বোধন বা স্থাপন করা হয়?
- জ) ‘টুসুর জাগরণ’ অনুষ্ঠানে কোন্ কোন্ লোকাচার পালন করা হয়?
- ঝ) কবে টুসু বিসর্জনের অনুষ্ঠান হয়?

- এও) পুরুলিয়ার ছো-নৃত্যের দু’জন বিখ্যাত শিল্পীর নাম লেখো।
- ট) ছো-নৃত্যে কোন্ সঙ্গীত ব্যবহার করা হয়?
- ঠ) ছো-নৃত্য ছাড়া পুরুলিয়ার আরও দু’টি জনপ্রিয় লোকনৃত্যের নাম লেখো।
- ড) দরবারী বুমুরের স্রষ্টা কে?
- ঢ) টুসুর চৌডল কী?
- ণ) লোক প্রচলিত কথায় ভাদু পূজার সূত্রপাত কোথায় হয়?

- ২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 2 = 10$
- ক) ‘রসিক’ কাদের বলা হয়?
- খ) বুমুর গানে কোন্ কোন্ বাদ্যযন্ত্র ব্যবহৃত হয়?
- গ) টুসু ও তোষলি ব্রতের মধ্যে সম্পর্ক নিরূপণ করো।
- ঘ) টুসু গানের দু’টি বৈশিষ্ট্য লেখো।
- ঙ) সীমান্ত বাংলার কোন্ কোন্ অঞ্চলে ভাদু পরব অনুষ্ঠিত হয়?
- চ) ছো-নাচের কটি ধারা ও কী কী?
- ছ) ছো-নাচে মুখোশ ব্যবহার করা হয় কেন?
- জ) ভাদু পুজোয় নৈবেদ্য বা ভোগ হিসেবে দেবীকে কী কী নিবেদন করা হয়?
- ৩। যে-কোনো দু’টি প্রশ্নের উত্তর দাও : $2 \times 5 = 10$
- ক) দাঁড়শাইল্যা ও দরবারী বুমুরের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- খ) ‘ভাদু জাগরণ’ অনুষ্ঠানের লোকাচার ও সংস্কারগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

গ) সীমান্ত বাংলার টুসু গানে নারী সমাজ জীবনের যে চিত্র ফুটে উঠেছে তা নিজের ভাষায় আলোচনা করো।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ১ = ১০$

ক) সীমান্ত বাংলার বুমুর গানে লোকজীবনের সংক্ষিপ্ত পরিচয় দাও।

খ) সীমান্ত বাংলার ভাদু পরবের উদ্ভব ও ইতিহাস আলোচনা করো।

গ) ছো-নৃত্যের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো।
